

তরুণ প্রাতের অরুণ আকাশ শিশির-ছলোছলো,
নদীর ধারের ঝাউগুলি ওই রৌদ্রে ঝলোমলো ।
এমনি নিবিড় ক'রে এরা দাঁড়ায় হৃদয় ভ'রে—
তাই তো আমি জানি বিপুল বিশ্বভুবনখানি
অকুল-মানস-সাগর-জলে কমল টলোমলো ।
তাই তো আমি জানি— আমি বাণীর সাথে বাণী,
আমি গানের সাথে গান, আমি প্রাণের সাথে প্রাণ,
আমি অক্ষকারের হৃদয়-ফাটা আলোক জ্বলোজ্বলো ॥

Parjaay: Prem O Prakriti, Taal: Dadra, Raag: Bhairavi
Visit www.geetabitan.com for notation and other detail